বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD
ISO 9001, ISO 14001 & ISO 45001 Certified

জনসংযোগ পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
প্রশিক্ষণ একাডেমি ভবন (৩য় তলা)
নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯
টেলিফোনঃ ০২-৮৯০০৩১৭
ই-মেইলঃ prdreb@gmail.com

স্মারক নং-২৭.১২.০০০০.০২১.৭২.১৭১.২২.২২৪২

তারিখঃ ০৬ আষাঢ় ১৪২৯ বঙ্গাব্দ।
২০ জুন ২০২২ খ্রিস্টাব্দ।

**বিষয়: বাপবিবো, পবিস এবং গ্রাহক প্রতিনিধির সঙ্গে তথ্য অধিকার আইন ও বিধি বিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে আয়োজিত ভার্চুয়াল সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ হাসান মারুফ, সদস্য (প্রশাসন), বাপবিবো। |
| সভার তারিখ ও সময় | : | ১৪/০৬/২০২২ খ্রি. বেলা ১১:০০ ঘটিকা। |
| সভার স্থান | : | ভার্চুয়াল প্লাটফর্ম। |
| উপস্থিতি | : | ক. বাপবিবো এর সকল অফিস প্রধান।<br>খ. সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার।<br>গ. সকল ডিজিএম ও এজিএমগণ।<br>ঘ. পবিস এর গ্রাহক (প্রতিটি পবিস থেকে নির্বাচিত কমপক্ষে ০২ জন গ্রাহক)। |

সভার সভাপতির সম্মতিক্রমে বাপবিবো'র তথ্য অধিকার বিষয়ে কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির আহবায়ক ও পরিচালক (জনসংযোগ) জনাব মোঃ আনোয়ার হোসেন ভার্চুয়াল সভায় সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-তে অন্তর্ভুক্ত তথ্য অধিকার কর্মপরিকল্পনায় তথ্য অধিকার আইন ও বিধি বিধান বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষে সভা, সেমিনার, কর্মশালা আয়োজন ও প্রচারপত্র বিলি করার বিধান থাকায় চতুর্থ প্রান্তিকে এ সভার আয়োজন করা হয়েছে। অতঃপর তথ্য অধিকার আইন, ২০০৯ এর বিধি বিধান বিষয়ে বাপবিবো'র তথ্য অধিকার বিষয়ে কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির আহবায়ক ও পরিচালক (জনসংযোগ) বিস্তারিত আলোকপাত করেন।

২। বিভিন্ন পবিস এর গ্রাহকদের মধ্য থেকে নির্বাচিত কয়েকজন গ্রাহক যেমন-চট্টগ্রাম পবিস-২ এর আবাসিক গ্রাহক জনাব নুরুল আমিন, রংপুর পবিস-১ এর শ্রী চন্দ্র বর্মন, টাঙ্গাইল পবিস এর জনাব আব্দুল খালেক, ময়মনসিংহ পবিস-১ এর জনাব ইব্রাহিম হোসেন তথ্য অধিকার বিষয়ে মতামত ব্যক্ত করতে গিয়ে বলেন তারা পল্লী বিদ্যুতায়ন বোর্ড ও এর আওতাধীন পল্লী বিদ্যুৎ সমিতির সেবা গ্রহণ করে সন্তুষ্ট। তাদের যাচিত তথ্য প্রদানে পবিস এর কর্মকর্তা/কর্মচারীগণ সদয় সচেষ্ট থাকেন। কখনো কোন সমস্যার সম্মুখীন হলে পবিসে জানানো মাত্রই সমাধান পেয়ে থাকেন। বিশেষ করে দুর্গম এলাকার লোকজন বিদ্যুৎ সুবিধা পেয়ে খুবই খুশি।

৩। সদস্য (বিতরণ ও পরিচালন) জনাব দেবাশীষ চক্রবর্তী বলেন, বাপবিবো/পবিস গ্রাহক বান্ধব সেবা প্রদান করায় সার্বক্ষণিক তথ্যের আদান প্রদান হয়ে থাকে। তথ্য অধিকার আইন, ২০০৯ মোতাবেক প্রকাশযোগ্য তথ্য বাপবিবো/পবিসসমূহের ওয়েবসাইটে দেয়া আছে। তারপরেও, বিভিন্ন সময় গ্রাহকের চাহিদা মোতাবেক তথ্য বিভিন্ন দপ্তর/পরিদপ্তর থেকে হালনাগাদ করে প্রদান করা হয়। তথ্য অধিকার আইন ও বিধি বিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে আয়োজিত সভায় অংশগ্রহণ করায় সংযুক্ত সকলকে তিনি ধন্যবাদ জ্ঞাপন করে বলেন, বাপবিবো/পবিস সব সময় জনগণের সেবক হয়ে কাজ করতে চায়। সে লক্ষ্যে সকলকে তথ্য অধিকার আইন ও বিধি বিধান সম্পর্কে সঠিকভাবে জানতে হবে। পরিশেষে তিনি প্রতিষ্ঠানের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে তথ্য অধিকার আইন, ২০০৯ সঠিকভাবে প্রতিপালনের আহবান জানিয়ে বক্তব্য শেষ করেন।

৪। বাপবিবো'র এপিএ বাস্তবায়ন কমিটির আহবায়ক ও সদস্য (সমিতি ব্যবস্থাপনা) জনাব মুহাম্মদ মতিউর রহমান বলেন, তথ্যের অধিকার সার্বজনিন অধিকার, যা সবার আছে। তবে এ অধিকার পাওয়ার জন্য তথ্য অধিকার আইন ও বিধি বিধান জানতে হবে। তথ্য অধিকার সহজবোধ্য করার জন্য প্রতিটা সরকারি অফিসের ওয়েবসাইট আপডেট থাকাসহ সেখানে সিটিজেন চার্টার আপলোড করতে হবে। বাপবিবো/পবিস যেহেতু গ্রাহক বান্ধব সেবা দিয়ে থাকে, সেহেতু সেবা প্রদানে আন্তরিক থাকতে হবে। গ্রাহকগণদেরও তথ্যের আইনগত অধিকার সম্পর্কে অবগত থাকতে হবে।

অ: পৃ: দ্র:

৫। সভাপতি সদস্য (প্রশাসন) বলেন যে, সুনাগরিক হিসেবে দেশের আইন কানুন সম্পর্কে জানতে হবে। বাপবিবো/পবিস যেহেতু গ্রাহক নির্ভর সেবা দিয়ে থাকে সেহেতু আমাদের এই আইন ভালোভাবে জানা উচিত। তিনি বক্তব্যে আরও উল্লেখ করেন, যেসব তথ্য প্রকাশ/প্রদানযোগ্য তা তথ্য অধিকার আইন, ২০০৯ এ সুস্পষ্টভাবে উল্লেখ করা আছে। পরিশেষে তিনি তথ্য অধিকার আইন, ২০০৯ সঠিকভাবে বাস্তবায়ন, গ্রাহক সেবার মান বৃদ্ধি ও জনগণের স্বার্থ নিশ্চিত করার আহবান জানান।

৬। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ হাসান মারুফ
২০/০৪/২০২২

(মোঃ হাসান মারুফ)
সদস্য (প্রশাসন)
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। নিয়ন্ত্রক (অর্থ ও হিসাব)/নির্বাহী পরিচালক/ প্রধান প্রকৌশলী (প্রকল্প/পওপ), বাপবিবো।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্য. প. (কে.অ./উ.অ./দ.অ./পু.অ./প.অ.) পরিদপ্তর, বাপবিবো।
০৩। সকল দপ্তর/পরিদপ্তর/প্রকল্প অফিস/বিভাগ প্রধান, বাপবিবো।
০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো **(ওয়েবসাইট এ আপলোড করার অনুরোধসহ)**।
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, সকল পবিস।
০৬। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো।
০৭। একান্ত সচিব, সদস্য (প্রশাসন/অর্থ/পরিকল্পনা ও উন্নয়ন/সমিতি ব্যবস্থাপনা/বিতরণ ও পরিচালন) বাপবিবো।

**অনুলিপি বিশেষভাবে জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। পরিচালক, পবিস ঋণ ও বাজেট পরিদপ্তর ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এপিএ বাস্তবায়ন কমিটি, বাপবিবো।
০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এনার্জি অডিট এন্ড ট্যারিফ-এর কার্যালয়, বাপবিবো।